

১১৪- সূরা আন-নাস  
৬ আয়াত, মাদানী

سُورَةُ النَّاسِ

।। রহমান, রহীম আল্লাহর নামে ।।

১. বলুন, ‘আমি আশ্রয় প্রার্থনা করছি মানুষের রবের,
২. ‘মানুষের অধিপতির,
৩. ‘মানুষের ইলাহের কাছে,<sup>(১)</sup>
৪. আত্মগোপনকারী কুম্ভণাদাতার<sup>(২)</sup> অনিষ্ট হতে,
৫. যে কুম্ভণা দেয় মানুষের অন্তরে,
৬. ‘জিনের মধ্য থেকে এবং মানুষের মধ্য থেকে<sup>(৩)</sup> ।’

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ  
قُلْ أَعُوذُ بِرَبِّ الْكَوْسِ<sup>①</sup>  
مَلِكِ الْكَوْسِ<sup>②</sup>  
إِلَهِ الْكَوْسِ<sup>③</sup>  
مِنْ شَرِّ الْوَسْوَاسِ الْخَنَّاسِ<sup>④</sup>  
الَّذِي يُوَسْوِسُ فِي صُدُورِ الْكَوْسِ<sup>⑤</sup>  
مِنَ الْجِنَّةِ وَالْكَوْسِ<sup>⑥</sup>

- (১) এখানে রব, মালিক এবং ইলাহ এ তিনটি গুণের অধিকারীর নিকট আশ্রয় চাওয়া হয়েছে। আল্লাহ রব, মালিক বা অধিপতি, মাঝুদ সবই। সব কিছুই তাঁর সৃষ্টি, তাঁর মালিকিনাধীন, তাঁর বান্দা। তাই আশ্রয়প্রার্থনকারীকে এ তিনটি গুণে গুণাদিত মহান আল্লাহর নিকট আশ্রয় চাওয়ার নির্দেশ দেওয়া হয়েছে। [ইবন কাসীর]
- (২) এখানে কুম্ভণাদাতা বলতে মানুষের সাথে নিয়োগকৃত শয়তানের কথা বলা হয়েছে, যে সঙ্গী তাকে খারাপ কাজ করাতে চেষ্টার ক্রটি রাখে না। হাদীসে এসেছে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, “তোমাদের প্রত্যেকের সাথেই একজন শয়তান সঙ্গী নিয়োগ করা হয়েছে। সাহাবায়ে কিরাম বললেন, ইয়া রাসূলুল্লাহ! আপনার সাথেও? তিনি বললেন, হ্যাঁ, তবে আল্লাহ আমাকে তার উপর নিয়ন্ত্রণ করতে সাহায্য করেছেন ফলে তার থেকে আমি নিরাপদ হয়েছি এবং সে আমাকে শুধুমাত্র ভাল কাজের কথাই বলে।” [মুসলিম: ২৮১৪]।
- (৩) এখানে দুটি অর্থ হতে পারে। প্রথমটি হল, শয়তান জিন ও মানুষ-উভয় প্রকার মানুষের অন্তরে কুম্ভণা দেয়। এ অর্থে এখানে বলে জিন ও মানুষ সকলকে বুঝানো হয়েছে। দ্বিতীয় মতটি হল: কুম্ভণাদাতা শয়তান জিনদের মধ্য থেকেও হয়, মানুষের মধ্য থেকেও হয়। এ মতটিই শক্তিশালী। [ইবন কাসীর] অতএব সারমর্ম এই দাঁড়াল যে, আল্লাহ তা‘আলা রাসূলকে তাঁর আশ্রয় প্রার্থনার শিক্ষা দিয়েছেন জিন-শয়তানের অনিষ্ট থেকে এবং মানুষ-শয়তানের অনিষ্ট থেকে। জিন-শয়তানের কুম্ভণা হল অলক্ষ্য থেকে মানুষের অন্তরে কোন কথা রাখা। শয়তান যেমন মানুষের

মনে কুম্ভণা দেয়, তেমনিভাবে মানুষের নফসও মানুষকে কুম্ভণা দিয়ে থাকে। এ কারণেই রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আপন নফসের অনিষ্ট থেকেও আশ্রয় প্রার্থনা শিক্ষা দিয়েছেন। হাদীসে আছে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, “হে আল্লাহ! আমি আপনার আশ্রয় চাই, আমার নফসের অনিষ্ট থেকে, শয়তানের অনিষ্ট থেকেও এবং তার শির্ক (বা জাল) থেকেও।” [আবু দাউদ: ৫০৬৭, তিরমিয়ী: ৩৩৯২, মুসনাদে আহমাদ: ১/৯]